

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫০৮

80/ কিয়ামত (كتاب صفة القيامة والرقائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَدَّثَنَا عُمَرُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ مُجَالِدٍ بْنُ سَعِيدٍ الْهَمْدَانِيُّ، حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ، قَالَ وَأَخْبَرَنَا سَلَمَةُ بْنُ شَبِيبٍ، حَدَّثَنَا أُمَيَّةُ بْنُ الْقَاسِمِ الْحَذَّاءُ الْبَصْرِيُّ، حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ، عَنْ بُرْدِ بْنِ سَنَانَ، عَنْ مَكْحُولٍ، عَنْ وَائِلَةَ بْنِ الْأَسْقَعِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " لَا تَظْهَرِ الشَّمَاتَةَ لِأَخِيكَ فَيَرْحَمَهُ اللَّهُ وَيَبْتَلِيكَ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَمَكْحُولٌ قَدْ سَمِعَ مِنْ وَائِلَةَ بْنِ الْأَسْقَعِ وَأَنْسَ بْنِ مَالِكٍ وَأَبِي هِنْدٍ الدَّارِيِّ وَيُقَالُ إِنَّهُ لَمْ يَسْمَعْ مِنْ أَحَدٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا مِنْ هَؤُلَاءِ الثَّلَاثَةِ . وَمَكْحُولٌ شَامِيٌّ يُكْنَى أَبَا عَبْدِ اللَّهِ وَكَانَ عَبْدًا فَأُعْتِقَ وَمَكْحُولٌ الْأَزْدِيُّ بَصْرِيُّ سَمِعَ مِنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ يَرْوِي عَنْهُ عُمَارَةُ بْنُ زَادَانَ . حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عِيَّاشٍ، عَنْ تَمِيمِ بْنِ عَطِيَّةَ، قَالَ كَثِيرًا مَا كُنْتُ أَسْمَعُ مَكْحُولًا يُسْأَلُ فَيَقُولُ نَدَانَمُ .

বাংলা

২৫০৮. উমার ইবন ইসমাইল ইবন মুজালিদ ইবন সাঈদ হামদানী ও সালামা ইবন শাবীব (রহঃ) ওয়াছিলা ইবন আশকা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তুমি তোমার ভাইয়ের বিপদে আনন্দ প্রকাশ করবে না। তা হলে আল্লাহ তার উপরে রহম করবেন আর তোমাকে সে মুসীবতে পাকড়াও করবেন। যঈফ, মিশকাত, তাহকিক ছানী ৪৮৫৬, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫০৬ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-গারীব। ওয়াছিলা ইবন আসকা, আনাস ইবন মালিক ও আবু হিন্দ আদ-দারী রাদিয়াল্লাহু আনহুম থেকে মাকহুল (রহঃ) হাদীস শুনেছেন। বলা হয় যে, এ তিনজন ছাড়া আর কোন সাহাবী থেকে মাকহুল রিওয়াযাত শুনেন নি।

মাকহুল শামী (রহঃ) এর উপনাম হল আবু আবদুল্লাহ। তিনি দাস ছিলেন, পরে তাকে আযাদ করা হয়। পক্ষান্তরে মাকহুল আযদী (রহঃ) হলেন বাসরী (বসরার অধিবাসী) তিনি আবদুল্লাহ ইবন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস শুনেছেন। আর উমারা ইবন যযান (রহঃ) তার কাছ থেকে হাদীস বর্ণনা করেছেন।

আলী ইবন হুজর (রহঃ) ... আতিয়া (রহঃ) থেকে বর্ণিত আছে যে, মাকহুল (রহঃ)-কে জিজ্ঞাসা করা হল অনেক সময় আমি তাকে "নাদানাম (জানিনা)" বলে উত্তর দিতে শুনেছি।

English

Wathilah bin Al-Asqa' narrated that the Messenger of Allah (s.a.w) said:
"Do not rejoice over the mishaps of your brother so that Allah has mercy on him and subjects you to trials."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37862>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন